

شاه جلال اسلامي بنك ليميتيد

Shahjalal Islami Bank



শাহজালাল ইসলামী ব্যাংক

Corporate Head Office

Inter Office Memo

To:	All Branch Managers/BAMLCOs The Head/In-charge of all Divisions/ Department/Units/OBU/CPC Shahjalal Islami Bank Limited	From:	Money Laundering & Terrorist Financing Prevention Division
CC:	PS to the Managing Director & CEO PS to the Additional Managing Directors PS to the Deputy Managing Directors The SEVP & Zonal Head, Chattogram Shahjalal Islami Bank Limited	Ref:	SJIBL/AML Circular/AML/2021/01
Subject	Message of the MD & CEO on Prevention of Money Laundering & Terrorist Financing.	Date:	January 03, 2021


Muhtaram,


Assalamu Alaikum.

We enclose the annual message of the Managing Director & CEO of the Bank on Prevention of Money Laundering and Combating Financing of Terrorism.

All concerned are requested to bring the contents of the message to the notice of all officials of the Branches and Divisions/Departments/Units/OBU/CPC of Head Office and obtain their initials as a token of having understood the same for stringent implementation and preserve it.

Ma-assalam.


Md. Khalid Hussain
SVP & DCAMLCO


M Akhter Hossain
DMD & CAMLCO



মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়েন প্রতিরোধে
ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তার বার্তা, ২০২১

জানুয়ারি ০৩, ২০২১ইং

প্রিয় সহকর্মীবৃন্দ,

আসসালামু আলাইকুম।

বর্তমান বিশ্ব পরিস্থিতি ও কোভিড-১৯ প্রেক্ষাপটে তৃতীয় বিশ্বের দেশসমূহের অর্থনৈতিক উন্নয়নে মানি লন্ডারিং অন্যতম বড় বাধা। কেননা মানি লন্ডাররা বর্তমান অবস্থার বিভিন্ন দুর্বল দিক গুলোকে খুঁজে বের করে তাদের কার্য সাধনে সচেষ্ট রয়েছে। মানি লন্ডারিং সংশ্লিষ্ট অপরাধী ও দুর্নীতিবাজরা তাদের অনৈতিক কর্মকাণ্ড চালিয়ে অর্থনীতির উৎপাদনশীলতা হ্রাস করে এবং এর গতিশীলতা ব্যাহত করে। এই অনৈতিক কার্যক্রম পরিচালনার জন্য আর্থিক প্রতিষ্ঠানকে মানি লন্ডাররা একটি মাধ্যম হিসেবে ব্যবহার করে থাকে। এ জাতীয় ক্রিয়াকলাপ আর্থিক প্রতিষ্ঠানগুলোকে যেমন অর্থনৈতিক ক্ষতির সম্মুখীন করে তেমনি এর সুনামও ক্ষুণ্ণ করে থাকে। শাহজালাল ইসলামী ব্যাংককে যাতে দুর্ভুক্তকারীরা মাধ্যম হিসাবে ব্যবহার করতে না পারে তার জন্য আমাদের প্রত্যেককে নিজ নিজ অবস্থান থেকে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে এবং এই কর্মকান্ডের বিরুদ্ধে প্রতিরোধ ব্যবস্থা গড়ে তুলতে হবে।

মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়েনের বিষয়টিকে শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড অত্যন্ত গুরুত্বের সাথে নিয়েছে। তাই এর প্রতিরোধে ব্যাংক সর্বাত্মক ব্যবস্থা গ্রহণে বদ্ধপরিকর। মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়েনের ঝুঁকি মোকাবেলার জন্য ব্যাংক ধারাবাহিকভাবে বিভিন্ন ধরনের ব্যবস্থা গ্রহণ করে আসছে। উল্লেখ্য যে, ব্যাংক বিগত ২০২০ সালে মানি লন্ডারিং বিষয়ে অধিকতর সতর্ক থাকার জন্য ব্যাংকের নিজস্ব “Money Laundering & Terrorist Financing Risk Management Guideline”- টি হালনাগাদ করেছে এবং “Guidelines For Prevention of Trade Based Money Laundering” নতুনভাবে প্রনয়ণ করেছে। তাছাড়া বাণিজ্য ভিত্তিক মানি লন্ডারিং প্রতিরোধের জন্য অত্যাধুনিক “Vessel Tracking Solution” এবং Media Report যথাযথভাবে পর্যালোচনার জন্য “Adverse Media Monitoring Solution” ক্রয় করা হয়েছে, যা আমাদের ব্যাংককে মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়েন প্রতিরোধে আরো শক্তিশালী অবস্থানে নিয়ে যাবে। এটি একটি ধারাবাহিক প্রক্রিয়া। এতদব্যতীত, শাহজালাল ইসলামী ব্যাংক ট্রেনিং ইন্সটিটিউট মানি লন্ডারিং বিষয়ে নিয়মিত ই-লার্নিং প্রাটফরমে এর মাধ্যমে প্রশিক্ষনের আয়োজন করেছে। এ কার্যক্রমকে অব্যাহত রাখতে সকলকে মানি লন্ডারিং প্রতিরোধ আইন ২০১২ (সংশোধনী-২০১৫) ও সন্ত্রাস দমন আইন ২০০৯ (সংশোধনী ২০১২ ও ২০১৩) এবং বাংলাদেশ ফাইন্যান্সিয়াল ইন্টেলিজেন্স ইউনিটের ইস্যুকৃত সাম্প্রতিক সার্কুলার নং ২৬ তাং ১৬.০৬.২০২০ইং এর নির্দেশনা যথাযথভাবে অনুসরণ করতে হবে।

মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়েন প্রতিরোধে শাহজালাল ইসলামী ব্যাংক লিমিটেড প্রতিজ্ঞাবদ্ধ। এ ব্যাপারে ব্যাংক “Zero Tolerance” এর নীতি অনুসরণ করেছে। সুতরাং আমার সমস্ত সহকর্মীদের অনুরোধ করবো নিম্নলিখিত কার্যক্রম গুলো যথাযথভাবে পরিপালন করুন যাতে ব্যাংক মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়েন থেকে মুক্ত থাকে এবং কোনভাবেই যেন ব্যাংকের ভাবমূর্তি ক্ষুণ্ণ না হয় :

- প্রত্যেক শাখাকে হিসাব খোলার ফরম, KYC, TP যথাযথভাবে পূরণ করতে হবে এবং গ্রাহকের দেওয়া সংশ্লিষ্ট তথ্যসমূহ সঠিক কিনা তা যাচাই পূর্বক নিশ্চিত হতে হবে এবং তা যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- হিসাব খোলার সময় KYC, TP যথাযথভাবে সম্পন্ন করতে হবে যাতে গ্রাহকের পরিচয়, ঠিকানা, ব্যবসার ধরণ, আয়ের উৎস নিশ্চিত হয়ে হিসাব খোলা যায়। গ্রাহক যথাযথ তথ্য সরবরাহ না করলে হিসাবে লেনদেন করতে দেয়া যাবে না।
- গ্রাহকের হিসাব খোলার ফর্মের KYC Profile অনুসারে গ্রাহকের ঝুঁকি মূল্যায়ন করা হয়েছে কিনা তা অবশ্যই নিশ্চিত করতে হবে।
- উচ্চ ঝুঁকিপূর্ণ হিসাবগুলো যথাযথভাবে শনাক্ত করে BFIU-এর নির্দেশনা অনুসারে এই সকল হিসাবে EDD করতে হবে এবং Monitoring নিশ্চিত করতে হবে।
- ব্যাংক এর Customer Acceptance Policy (CAP)-এর যথাযথ প্রয়োগ নিশ্চিত করতে হবে।
- হিসাবের প্রকৃত সুবিধাভোগী শনাক্তকরণ এবং তার সম্পূর্ণ KYC সম্পন্ন করতে হবে।
- হিসাব খোলার সময় গ্রাহক বা হিসাবের প্রকৃত সুবিধাভোগী Politically Exposed Person (PEPs), প্রভাবশালী ব্যক্তি (IPs), উচ্চপদস্থ সামরিক কর্মকর্তা এবং আন্তর্জাতিক সংস্থার প্রধান কিনা তা নিশ্চিত হতে হবে। এ ধরনের হিসাব খোলার জন্য প্রধান কার্যালয়ের অনুমোদন গ্রহণ করতে হবে এবং হিসাব খোলার পর তা নিয়মিত Monitoring করতে হবে।
- United Nations Security Council (UNSCR) ও বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত তালিকায় উল্লেখিত সন্ত্রাসবাদের সাথে জড়িত কোন ব্যক্তি বা সংস্থার হিসাব খোলা ও পরিচালনা করা যাবে না। এজন্য হিসাব খোলার আগে Automated Sanction Screening প্রক্রিয়া যথাযথভাবে সম্পন্ন করতে হবে।

৯


৯



- কোন হিসাবে অস্বাভাবিক এবং সন্দেহজনক ক্রিয়াকলাপ, লেনদেন পরিলক্ষিত হলে বা অসঙ্গিত দেখা দিলে তা তাৎক্ষণিকভাবে STR/SAR করে প্রধান কার্যালয়- এর Money Laundering & Terrorist Financing Prevention Division (ML&TFPD)- এ রিপোর্ট করতে হবে।
- Floating / Walk-in Customer এর ক্ষেত্রে তার পরিচয় ও টাকার উৎস BFIU এর নির্দেশনা অনুযায়ী সঠিক ভাবে সংগ্রহ করতে হবে।
- TP, TP Exception Report, Cash Transaction Report (CTR), Structuring Report, Daily Transaction Activities ইত্যাদি নিয়মিত ও যথাযথভাবে Monitoring করতে হবে।
- BFIU-এর নির্দেশনা অনুসারে অনলাইন ব্যাংকিং এর মাধ্যমে জমা বা উত্তোলনকারী ব্যক্তির প্রয়োজনীয় তথ্য সংগ্রহ করতে হবে।
- বিদেশী ও স্থানীয় Inward ও Outward Remittance ক্ষেত্রে যথাযথ Monitoring নিশ্চিত করতে হবে।
- মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়নের ঝুঁকি হ্রাস করতে ব্যাংকের ML&TFPD Circular #১১/২০১৭ তারিখ ১৭.০৭.২০১৭-এ উল্লেখিত "ML&TF Risk Register" অনুসারে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- BAMLCO কে অবশ্যই তাঁর দায়িত্ব পালনে সর্বদা সক্রিয় ও সতর্ক থাকতে হবে। দায়িত্ব পালনে এবং শাখার AML সংক্রান্ত ফাইলগুলোর রক্ষণাবেক্ষণের ক্ষেত্রে অবশ্যই ML&TFPD Circular # ০৩/২০১৯ তারিখ ১৭.০৪.২০১৯ অনুসরণ করতে হবে।
- শাখার AML & CFT অবস্থান পর্যালোচনার জন্য ত্রৈমাসিক সভার ব্যবস্থা করা এবং সভার পরপরই গৃহীত সিদ্ধান্ত গুলো মিনিটস আকারে ML&TFPD- তে প্রেরণ করতে হবে।
- শাখায় যথাযথভাবে রেকর্ড সংরক্ষণ করা আবশ্যিক। হিসাব সংক্রান্ত সমস্ত প্রয়োজনীয় কাগজপত্র, যেমন- হিসাব খোলার ফর্ম, গ্রাহকদের লেনদেন সংক্রান্ত কাগজাদি, অন্যান্য নথি এবং এ ছাড়া বন্ধ হিসাবসমূহের ক্ষেত্রে BFIU Circular ও অন্যান্য আইন ও বিধি অনুসারে যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।
- মানি লন্ডারিং, সন্ত্রাসবাদ, সন্ত্রাসে অর্থায়ন বা অন্যান্য সম্পৃক্ত অপরাধ সম্পর্কিত মিডিয়া রিপোর্ট নিয়মিত পর্যালোচনা করতে হবে এবং অপরাধে জড়িত ব্যক্তি/প্রতিষ্ঠানের নামে যদি কোনো হিসাব শাখায় পরিচালিত হয়ে থাকে তবে তা শাখার BAMLCO কর্তৃক STR /SAR হিসাবে তাৎক্ষণিকভাবে ML&TFPD তে প্রেরণ নিশ্চিত করতে হবে।
- আন্তর্জাতিক বাণিজ্যের ক্ষেত্রে বাণিজ্য ভিত্তিক মানি লন্ডারিং প্রতিরোধের জন্য বাংলাদেশ ব্যাংক এবং আমাদের নিজস্ব Guidelines for Prevention of Trade Based Money Laundering অনুসরণ নিশ্চিত করতে হবে।
- Trade Based Money Laundering-এর ব্যাপারে সতর্ক দৃষ্টি রাখতে হবে। সম্প্রতি Money Laundering & Terrorist Financing Prevention Division কর্তৃক 'Guidelines for Prevention of Trade Based Money Laundering' প্রণয়ন করা হয়েছে। Trade Based Money Laundering প্রতিরোধে Guideline টি শাখা পর্যায়ে সকল কর্মকর্তাদের নজরে আনতে হবে এবং বৈদেশিক বাণিজ্য সংক্রান্ত লেনদেন-এ যথাযথ ভাবে তা পরিপালন নিশ্চিত করতে হবে।
- বৈদেশিক বাণিজ্যে Price Verification, Sanction Screening, Vessel Tracking অত্যন্ত গুরুত্বপূর্ণ। সম্প্রতি ব্যাংক Vessel Tracking এর জন্য একটি আধুনিক Software Solution ক্রয় করেছে। যার সাহায্যে অতি সহজে Import & Export এর ক্ষেত্রে Vessel Tracking করা যাবে। যা Trade Based Money Laundering প্রতিরোধে ভূমিকা পালন করবে।
- Credit Backed Money Laundering (CBML) প্রতিরোধে Unusual commercial Account Activities and Fund Diversion, সহ অন্যান্য CBML Red flag Monitoring এ বিশেষ নজর দিতে হবে। Investment এর বিপরীতে পন্য সঠিক অবস্থান যথাযথ নিশ্চিতকরনে শাখাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

আমি আশা করি আপনারা আপনাদের উপর অর্পিত দায়িত্ব যথাযথ ভাবে পালন করবেন দৈনন্দিন কার্যক্রমে মানি লন্ডারিং ও সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ বিষয়ে বিশেষ মনোযোগ দিবেন এবং সতর্কতার সাথে কাজ করবেন যাতে আর্থিক জরিমানা ও কারাদণ্ড হতে নিজেকে মুক্ত রাখতে পারেন এবং সরোপরি ব্যাংকের সুনাম অক্ষুণ্ণ থাকে। কোন সংশ্লিষ্ট কর্মকর্তা যদি কাজে অবহেলা, যথাযথ জ্ঞানের অভাবের কারণে নির্ধারিত AML&CFT নীতিমালা যথাযথ মেনে না চলেন তবে তাঁর উপর অর্পিত দায়িত্ব পালনে অবহেলার জন্য তিনি ব্যক্তিগতভাবে দায়বদ্ধ হবেন এবং সে ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করতে ব্যবস্থাপনা কর্তৃপক্ষ বাধ্য হবে।

সর্বশেষে আমি আমাদের প্রিয় ব্যাংককে মানি লন্ডারিং এবং সন্ত্রাসে অর্থায়ন থেকে সুরক্ষিত রাখতে আপনাদের সর্বোচ্চ সতর্কতা এবং সার্বিক সহযোগিতা কামনা করছি। সেই সাথে সবার সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করছি।



এম শাহিদুল ইসলাম
ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা